

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
আইসিটি শাখা  
www.mowca.gov.bd

"শেখ হাসিনার বারতা  
নারী পুরুষ সমতা"

স্মারক নম্বর: ৩২.০০.০০০০.০৩৪.১৬.০০১.২০.৪৭

তারিখ: ১৪ বৈশাখ ১৪৩০  
২৭ এপ্রিল ২০২৩


বিষয়: ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর আওতায় ক্ষুদ্রঋণের অর্থের সুষ্ঠু ব্যবস্থাপনার স্বার্থে সফটওয়্যার চালুকরণ।

সূত্র: স্মারক নম্বর: ৩২.০০.০০০০.০৩৪.১৬.০০১.২০.১৭ তারিখ:- ০৬ ফেব্রুয়ারি ২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক উদ্ভাবন/ডিজিটাইজেশন কার্যক্রম এর আওতায় ২০২২-২৩ অর্থবছরে ক্ষুদ্রঋণ বিতরণ সংক্রান্ত একটি সফটওয়্যার/এপস তৈরির উদ্যোগ নেয়া হয়েছে। উল্লেখ্য, ২০০৩-০৪ অর্থ বছর হতে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় হতে মহিলা বিষয়ক অধিদপ্তর এবং জাতীয় মহিলা সংস্থাকে উপকারভোগীদের মাঝে ক্ষুদ্রঋণ বাবদ বিতরণের নিমিত্ত বিভিন্ন অঞ্চের অর্থ বরাদ্দ দেয়া হয়েছে, যা অদ্যাবধি চলমান রয়েছে। ২০২২-২৩ অর্থ বছরে প্রত্যেক প্রতিষ্ঠানকে ৪.০ (চার) কোটি টাকা করে অর্থ ক্ষুদ্রঋণ বাবদ বাজেটে বরাদ্দ রয়েছে, যার ১ম, ২য় ও ৩য় কিস্তির অর্থ ইতিমধ্যে বরাদ্দ প্রদান করা হয়েছে।

০২। মহিলা বিষয়ক অধিদপ্তর ও জাতীয় মহিলা সংস্থা উভয় প্রতিষ্ঠান এ সফটওয়্যারটি'র মাধ্যমে উপকারভোগীদের মাঝে ক্ষুদ্রঋণ বিতরণের প্রক্রিয়াসমূহ (সফটওয়্যার ফিচারসমূহ) কিরূপ হবে তার নির্দেশনা সম্বলিত একটি অফিস আদেশ জারী করা হয় (সংযুক্তি-ক)।

০৩। এমতাবস্থায়, প্রাথমিক পর্যায়ে সফটওয়্যারটি'র মাধ্যমে ক্ষুদ্রঋণ সংক্রান্ত উপকারভোগীদের তথ্য এন্ট্রি করার মাধ্যমে সফটওয়্যারটি'র কার্যক্রম শুরু করার পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।



২৭-৪-২০২৩

মোঃ ইনামুল হক

প্রোগ্রামার

ফোন: ৫৫১০০২০৫

ইমেইল:

programmer@mowca.gov.bd

বিতরণ :

১) মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ইস্কাটন  
গার্ডেন রোড, ঢাকা।

২) নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা, নিউ বেইলী  
রোড, ঢাকা।

স্মারক নম্বর: ৩২.০০.০০০০.০৩৪.১৬.০০১.২০.৪৭/১(৮)

তারিখ: ১৪ বৈশাখ ১৪৩০  
২৭ এপ্রিল ২০২৩

অনুলিপি:

- ১) ইনোভেশন টিম, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
- ২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
- ৩) সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি শাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
- ৪) অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

ইনামুল হক

২৭-৪-২০২৩

মোঃ ইনামুল হক

প্রোগ্রামার